

জানুন

কিছু খন্দকালীন কাজ আছে যেগুলো করা উচিত নয়। সহজ কাজের মাধ্যমে বেশি পরিমাণে অর্থ উপার্জন করা যায়, এমন খন্দকালীন কাজ করলে, নিজের অগোচরে, একটি অপরাধী দলের সদস্যে পরিণত হওয়ার সম্ভাবনা রয়েছে।



মেনে চলুন

অপরাধী দলগুলি সহজ কাজের মাধ্যমে বেশি পরিমাণে অর্থ উপার্জন করা যায় এমন খন্দকালীন কাজ প্রদান করছে।

যে সকল কাজ করা উচিত নয়

বৃদ্ধ ব্যক্তির কাছ থেকে মালপত্র গ্রহণ করা, কয়েন লকার থেকে মালপত্র তুলে নেওয়া, অন্য ব্যক্তির ক্যাশ কার্ডের মাধ্যমে অর্থ উত্তোলন করা, অন্য কারও অ্যাপার্টমেন্টে, অন্যের মালপত্র গ্রহণ করা, অপরাধ বলে বিবেচিত হবে।

অবশ্যই করা উচিত নয়। আমন্ত্রিত হলেও করা উচিত নয়।

জানুন

নিজের হলেও, ব্যাংক ক্যাশ কার্ড বা মোবাইল ফোন, স্বাস্থ্য বীমা কার্ড, স্টুডেন্ট কার্ড ইত্যাদি বিক্রয় করা, প্রদান করা, ধার দেওয়া, অন্যের জিনিস ক্রয় করা, গ্রহণ করা, ধার নেওয়া, ইত্যাদির মত কাজ করা উচিত নয়।



মেনে চলুন

ব্যাংক ক্যাশ কার্ড, পাসবুক


মোবাইল ফোন (সিম কার্ড সহ)

অন্যের নিকট, বিক্রয় করা, প্রদান করা, ধার দেওয়া যাবে না।

ক্রেতা এবং বিক্রেতার উভয়ই পুলিশের হাতে ধরা পড়বে। নিজ দেশে ফেরার সময় বা নিজে আর ব্যবহার না করলে, ব্যাংক বা মোবাইল ফোনের দোকানে গিয়ে [কাইয়াকু বা চুক্তি বাতিল] করতে চাই, বলুন।

স্বাস্থ্য বীমা কার্ড, স্টুডেন্ট কার্ড ধার দেওয়া বা নেওয়া যাবে না। অন্য কারও জিনিস ব্যবহার করা যাবে না। বন্ধুর অনুরোধেও তা করা যাবে না।

জানুন এবং মেনে চলুন জাপানী আইন



ひょうごけんけいさつ

HYOGO PREFECTURE POLICE

জানুন

জানুন

অন্য কারো অনুরোধে, অন্য ব্যক্তির ক্রেডিট কার্ডের নম্বর, নাম দিয়ে, মোবাইল কেচ্ছাই অনলাইন শপ থেকে কোন কিছু ক্রয় করবেন না।



মেনে চলুন

সামাজিক নেটওয়ার্কিং সাইটগুলিতে অপরাধমূলক অনেক খন্দকালীন কাজ পাওয়া যায়। কেবল শপিং এর মাধ্যমে অর্থ উপার্জন করা যায়, এমন অনেক খন্দকালীন কাজ রয়েছে, তার অনেকগুলোই অপরাধ বলে বিবেচিত হয়। অপরাধ বলে বিবেচিত খন্দকালীন কাজের জন্য পুলিশ ক্রেতাকে গ্রেফতার করতে পারে। অন্য ব্যক্তির ক্রেডিট কার্ডের নম্বর, নাম দিয়ে, কোন কিছু ক্রয় করা যাবে না। বন্ধুর অনুরোধেও, অন্য ব্যক্তির ক্রেডিট কার্ডের নম্বর, নাম দিয়ে, অবশ্যই কোন কিছু ক্রয় করা যাবে না।

জানুন

একটি নকল রেসিডেন্স কার্ড বহন করা যাবে না
ক্রয় করা যাবে না
তৈরি করা যাবে না
ব্যবহার করা যাবে না



মেনে চলুন

একটি নকল রেসিডেন্স কার্ড অবশ্যই বহন, ক্রয়, তৈরি বা ব্যবহার করা যাবে না। পুলিশ আপনাকে গ্রেফতার করতে পারে। এমনকি আপনি যদি সোশ্যাল নেটওয়ার্কিং সাইটগুলিতে দেখতে পান যে নকল রেসিডেন্স কার্ড তৈরী হচ্ছে বা বিক্রি হচ্ছে, তবুও তা কখনোই ক্রয় করবেন না। আপনার রেসিডেন্স কার্ডে যা লেখা আছে তা নিজে থেকে পরিবর্তন করবেন না

জানুন

অর্থ পরিশোধ না করে, জিনিষপত্র নিয়ে দোকান ছেড়ে যাবেন না। ফেলে রাখা, হারিয়ে যাওয়ার মত অন্যের জিনিষপত্র, নিজের জিনিষপত্র হিসাবে গ্রহণ করবেন না। অপরাধ বলে গণ্য করা হবে।



মেনে চলুন

দোকান থেকে জিনিষপত্র চুরি করা যাবে না। অন্য ব্যক্তির জিনিষপত্র চুরি করা যাবে না। এমনকি যদি আপনি চুরি নাও করেন, দোকান কর্মী খুঁজে না পাওয়ার মত স্থানে রাখা, চুরির জিনিস বহন করা, কাউকে পালাতে সাহায্য করার মত একজন চোরকে সাহায্য করাও কাজও অপরাধ বলে বিবেচিত হবে। অন্য কারো ফেলে রাখা বাইসাইকেল ব্যবহার করা যাবে না। পড়ে থাকা কোন কিছু উঠিয়ে নিয়ে নিজের জিনিষপত্র হিসাবে গ্রহণ করা যাবে না। দয়া করে জিনিসটি পুলিশ বক্সে জমা দিন।